# দৈনিক বাংলা

## আবাসন সুবিধা পেতে আগ্রহী ঢাবি ছাত্রীদের নিজ নিজ হলে আবেদন করার আহ্বান

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের মধ্যে যারা হলে আবাসন সুবিধা পেতে ইচ্ছুক, তাদেরকে নিজ নিজ হলে আবেদন করার জন্য আহ্বান করা যাচ্ছে। হলে ছাত্রীদের আবাসন সংক্রান্ত ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নের অংশ হিসেবে এই নির্দেশ প্রদান করা হয়েছে।

উল্লেখ্য, এই আবেদন সিট এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

### আবাসন সুবিধা পেতে

বরাদ্দ প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্ট নয়। এর একমাত্র উদ্দেশ্য হলো-একটি প্রশাসনিক এবং কাঠামোগত উপায়ে হলে সিট বরাদ্দের প্রয়োজন মূল্যায়ন করা।

# The Country Today

## DU female students interested in resident facilities asked to apply in their respective halls

DU Correspondent

Dhaka University female students who are interested in getting resident facilities in their respective halls are asked to apply in their respective halls.



This instruction is given as part of the future planning of the Dhaka University administration regarding housing for female students in the halls.

It is to be noted that this application is not related to the seat allocation process.

Its sole purpose is to assess the need for hall seat allocation in an administrative and structural manner.

# দৈনিক আমাদের বার্তা

## আবাসনের জন্য ঢাবি ছাত্রীদের আবেদন আহ্বান

■ আমাদের বার্তা ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের মধ্যে যারা হলে আবাসন সুবিধা পেতে ইচ্ছুক, তাদেরকে নিজ নিজ হলে আবেদন করার জন্য আহ্বান করা যাচ্ছে।

গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ আহ্বান করা হয়। এতে বলা হয়, হলে ছাত্রীদের আবাসন সংক্রান্ত বিশ্ববিদ্যালয় প্রশাসনের ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নের অংশ হিসেবে এই নির্দেশ দেয়া হয়েছে।

উল্লেখ্য, এই আবেদন সিট বরাদ্দ প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্ট নয়। এর একমাত্র উদ্দেশ্য হলো-একটি প্রশাসনিক এবং কাঠামোগত উপায়ে হলে সিট বরাদ্দের প্রয়োজন মূল্যায়ন করা বলেও বিজ্ঞপ্তিতে বলা হয়।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## খবরের কাগজ

### আকিজ-মনোয়ারা ট্রাস্টের শিক্ষাবৃত্তি বিতরণ

আকিজ-মনোয়ারা ট্রাস্টের অর্থায়নে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্নাতক (অনার্স) প্রথম বর্ষের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে অধ্যয়নরত মেধাবী ও অসচ্ছল ১৬২ শিক্ষার্থীকে মাসিক ৫ হাজার টাকা করে এক বছরের জন্য শিক্ষাবৃত্তির জন্য মনোনীত করেছে। শিক্ষাবৃত্তি বিতরণ অনুষ্ঠানটি গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। এ ছাড়া উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, আকিজ-মনোয়ারা ট্রাস্টের ট্রাস্টি মনোয়ারা বেগম, নির্বাহী পরিচালক সাজমিন সুলতানা প্রমুখ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি




## আজকের পত্রিকা




আকিজ-মনোয়ারা ট্রাস্টের অর্থায়নে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথম বর্ষের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে অধ্যয়নরত মেধাবী ও অসচ্ছল ১৬২ জন নিয়মিত শিক্ষার্থীকে মাসিক ৫,০০০ টাকা করে এক বছরের জন্য শিক্ষাবৃত্তির জন্য মনোনীত করা হয়েছে। শিক্ষাবৃত্তির অনুষ্ঠানটি ৬ জানুয়ারি ২০২৫, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। এ ছাড়া উপ-উপাচার্য (প্রশাসন), অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, উপ-উপাচার্য (শিক্ষা), অধ্যাপক ড. মামুন আহমেদ, আকিজ-মনোয়ারা ট্রাস্টের ট্রাস্টি মনোয়ারা বেগম, নির্বাহী পরিচালক সাজমিন সুলতানা এবং অন্যরা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

## কালবেলা




ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে অধ্যয়নরত বিভিন্ন বিভাগের ১৬২ জন মেধাবী ও অসচ্ছল শিক্ষার্থী 'আকিজ-মনোয়ারা ট্রাস্ট বৃত্তি' লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত ৬ জানুয়ারি নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের বৃত্তির চেক বিতরণ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।

# The Daily Post



# 50 DU students get scholarship

**DU Correspondent**

'Dhaka University Alumni in the UK Trust Fund' was established at the initiative of Dhaka University Alumni in the UK.

Its main objective is that every year in each faculty of Dhaka University, scholarships are given to meritorious and financially insolvent students studying in the 1st year graduation class on the recommendation of the concerned Dean.

Priority is given to disabled, backward, female students in providing scholarships. In continuation of this, a total of 50 people were given this scholarship on Tuesday.

Dhaka University Vice-Chancellor Professor Niaz Ahmed Khan was present as the chief guest at the scholarship giving ceremony at Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban of Dhaka University.

Professor Sayema Haque Bidisha, Professor Mamun Ahmed, Barrister Md. Abul Kalam were present as special guests. General Secretary,Dhaka University Alumni in the UK trust fund, Abul F Mesbah Udddin Echo was welcome speaker. Award ceremony presided by Professor M. Jahangir Alam Chowdhury, Treasurer, University of Dhaka & Chairman, Dhaka University Trust Fund.

## দৈনিক বাংলা

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব' প্রতিষ্ঠা

গণতন্ত্রচর্চা, গণতান্ত্রিক মূল্যবোধ ও মানবাধিকার বিষয়ে সচেতনতা সৃষ্টি এবং মৌলিক গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো একটি 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব' প্রতিষ্ঠা করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত মঙ্গলবার সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ল্যাব উদ্বোধন করেন। যুক্তরাষ্ট্রের দাতাসংস্থা ইউএসএআইডি এবং ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমসের (আইএফইএস) সহযোগিতায় এই ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে।

উল্লেখ্য, 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব'য়ের মাধ্যমে শিক্ষার্থীরা গণতন্ত্র, মানবাধিকার ও সুশাসনের বিভিন্ন দিক নিয়ে গবেষণার সুযোগ পাবে। এই ল্যাবে গবেষণার মাধ্যমে পঠন-পাঠন পদ্ধতি, মানবাধিকার, সংকট ব্যবস্থাপনা, শান্তি ও সম্প্রীতি, গণতন্ত্র চর্চাসহ বিভিন্ন প্রায়োগিক বিষয়েও শিক্ষার্থীরা দক্ষতা অর্জন করতে পারবে। যা ভবিষ্যতের নেতৃত্ব তৈরিতে সহায়ক ভূমিকা পালন করবে।

শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তুলতেও এই ল্যাব কার্যকর অবদান রাখবে বলে আশা করা যাচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মিসেস রাশেদা ইরশাদ নাসির, ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস (আইএফইএস) বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ড. টানিয়েল বেদিয়া টাইশি ও ইউএসএআইডি বাংলাদেশ-এর মিশন ডিরেক্টর রিড অ্যাশলিম্যান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব'য়ের পরিচালক ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ আইনুল ইসলাম অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, গণতন্ত্র শুধু পড়াশোনার বিষয় নয়, এটি একটি চর্চার বিষয়। বাংলাদেশের এই ক্রান্তিকালে তরুণরাই গণতন্ত্রকে শক্তিশালী করতে পারে এবং সংস্কারে সহায়তা করতে পারে। আইএফইএস-এর কান্ট্রি ডিরেক্টর ড. টানিয়েল বেদিয়া টাইশি সর্বত্র গণতন্ত্রচর্চায় অবদান রাখার জন্য বাংলাদেশের তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানান।

ইউএসএআইডি বাংলাদেশের মিশন ডিরেক্টর রিড অ্যাশলিম্যান গণতন্ত্র ল্যাব প্রতিষ্ঠায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগের প্রশংসা করে বলেন, গণতন্ত্র চর্চা ও উন্নয়নে ইউএসএআইডি'র সহযোগিতা অব্যাহত থাকবে। বিজ্ঞপ্তি



ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব' প্রতিষ্ঠা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত মঙ্গলবার সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ল্যাব উদ্বোধন করেন। ছবি: ঢাবি জনসংযোগ দপ্তর

# যায়যায়দিন

## ঢাবিতে 'অ্যাপ্লাইড ডেমোক্র্যাসি ল্যাব' প্রতিষ্ঠা

■ শিক্ষা জগৎ ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) প্রথমবারের মতো একটি 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব' প্রতিষ্ঠা করা হয়েছে। সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনে ৭ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ল্যাব উদ্বোধন করেন। যুক্তরাষ্ট্রের দাতা সংস্থা ইউএসএআইডি এবং ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস (আইএফইএস)-এর সহযোগিতায় এ ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মিসেস রাশেদা ইরশাদ নাসির, ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস (আইএফইএস) বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ড. টানিয়েল বেদিয়া টাইশি ও ইউএসএআইডি বাংলাদেশ-এর মিশন ডিরেক্টর রিড অ্যাশলিম্যান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব'- এর পরিচালক ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ আইনুল ইসলাম অনুষ্ঠানটি সঞ্চালনা করেন। আইএফইএস-এর কান্ট্রি ডিরেক্টর ড. টানিয়েল বেদিয়া টাইশি সর্বত্র গণতন্ত্র চর্চায় অবদান রাখার জন্য বাংলাদেশের তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানান।

# The Country Today



## 'Applied Democracy Lab' established at DU

**DU Correspondent**

A 'Applied Democracy Lab' has been established for the first time at Dhaka University with the aim of creating awareness on democratic practices, democratic values and human rights and conducting basic research activities.

Dhaka University Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan inaugurated this lab as the chief guest at the Faculty of Social Sciences building yesterday, Tuesday. This lab has been established with the **Continued to page 2**

## 'Applied Democracy Lab'

support of the US donor agency USAID and the International Foundation for Electoral Systems (IFES).

It is worth noting that through the 'Applied Democracy Lab', students will get the opportunity to research on various aspects of democracy, human rights and good governance. Through research in this lab, students will also be able to acquire skills in various practical subjects including teaching and learning methods, human rights, crisis management, peace and harmony, and democracy practice. Which will play a helpful role in creating future leaders. It is expected that this lab will also make an effective contribution in developing students as skilled human resources.

# যায়যায়দিন




*ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান মঙ্গলবার সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনে ফিতা কেটে 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব' উদ্বোধন করেন* -যাযাদি

## ঢাবিতে 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব' প্রতিষ্ঠা

■ ঢাবি প্রতিনিধি

গণতন্ত্র চর্চা, গণতান্ত্রিক মূল্যবোধ ও মানবাধিকার বিষয়ে সচেতনতা সৃষ্টি এবং মৌলিক গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) প্রথমবারের মতো একটি 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব' প্রতিষ্ঠা করা হয়েছে।

মঙ্গলবার সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনে এই ল্যাব উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। যুক্তরাষ্ট্রের দাতা সংস্থা ইউএসএআইডি এবং ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস (আইএফইএস)-এর সহযোগিতায় এই ল্যাবপ্রতিষ্ঠা করা হয়।

উল্লেখ্য, 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব' এর মাধ্যমে শিক্ষার্থীরা গণতন্ত্র, মানবাধিকার ও সুশাসনের বিভিন্ন দিক নিয়ে গবেষণার সুযোগ পাবে। এই ল্যাবে গবেষণার মাধ্যমে পঠন-পাঠন পদ্ধতি, মানবাধিকার, সংকট ব্যবস্থাপনা, শান্তি ও সম্প্রীতি, গণতন্ত্র চর্চাসহ বিভিন্ন প্রায়োগিক বিষয়েও শিক্ষার্থীরা দক্ষতা অর্জন করতে পারবে। যা ভবিষ্যতের নেতৃত্ব তৈরিতে সহায়ক ভূমিকা পালন করবে। শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তুলতেও এই ল্যাব কার্যকর অবদান রাখবে বলে আশা করা যাচ্ছে।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক রাশেদা ইরশাদ নাসির, ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস (আইএফইএস) বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ড. টানিয়েল বেদিয়া টাইশি ও ইউএসএআইডি বাংলাদেশের মিশন ডিরেক্টর রিড অ্যাশলিম্যান। অনুষ্ঠান সঞ্চালন করেন 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব' এর পরিচালক ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ আইনুল ইসলাম ।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, গণতন্ত্র শুধুমাত্র পড়াশোনার বিষয় নয়, এটি একটি চর্চার বিষয়। বাংলাদেশের এই ক্রান্তিকালে তরুণরাই গণতন্ত্রকে শক্তিশালী করতে পারে এবং সংস্কারে সহায়তা করতে পারে।

আইএফইএস-এর কান্ট্রি ডিরেক্টর ড. টানিয়েল বেদিয়া টাইশি সর্বত্র গণতন্ত্র চর্চায় অবদান রাখার জন্য বাংলাদেশের তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানান।

ইউএসএআইডি বাংলাদেশ-এর মিশন ডিরেক্টর রিড অ্যাশলিম্যান গণতন্ত্র ল্যাব প্রতিষ্ঠায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগের প্রশংসা করে বলেন, গণতন্ত্র চর্চা ও উন্নয়নে ইউএসএআইডি'র সহযোগিতা অব্যাহত থাকবে।